

## সুনান ইবনু মাজাহ

হাদিস নম্বরঃ ৩০৭৩

১৯/ হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৯/৮৩. ঋতুবতী স্ত্রীলোক বিদায়ী তাওয়াফ না করে প্রস্থান করতে পারে

### بَابُ الْحَائِضِ تَنْفِرُ قَبْلَ أَنْ تُودِعَ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَعَلِيُّ بْنُ مُحَمَّدٍ، قَالَ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، حَدَّثَنَا الْأَعْمَشُ،  
عَنْ إِبْرَاهِيمَ، عَنِ الْأَسْوَدِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ ذَكَرَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ -  
صَفِيَّةَ فَقُلْنَا قَدْ حَاضَتْ . فَقَالَ " عَقَرَى حَلْقَى مَا أَرَاهَا إِلَّا حَابِسَتَنَا " . فَقُلْنَا يَا رَسُولَ  
اللَّهِ إِنَّهَا قَدْ طَافَتْ يَوْمَ النَّحْرِ . قَالَ " فَلَا إِذَا مُرُوها فَلْتَنْفِرْ " .

বাংলা

২/৩০৭৩। আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাফিয়্যা (রাঃ) সম্পর্কে জানতে চাইলে আমরা বললাম, সে ঋতুবতী হয়েছে। ~~তিনি বলেনঃ বক্ষ্যা, ন্যাড়া,~~ তখন তিনি কুরাইশদের বাগধারায় বললেনঃ 'আকরা হালকা'। সে তো আমাদের আটকে ফেলেছে। আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ! তিনি কোরবানীর দিন তাওয়াফ করেছেন। তিনি বলেনঃ তাহলে অসুবিধা নেই। তোমরা তাকে রওনা হতে বলো।

লাল মার্ক করা অংশের অনুবাদ সঠিক না হবার কারণে তা সংশোধন করা হল। - হাদিসবিডি এডমিন

## English

It was narrated that 'Aishah said:

"The Messenger of Allah (ﷺ) mentioned Safiyyah and we said: 'She has got her menses.' He said: ' 'Aqra Halqa!\* I think that she has detained us.' I said: 'O Messenger of Allah, she performed Tawaful-Ifadah on the Day of Sacrifice.' He said: 'No then, tell her to depart.'"

ফুটনোট

সহীহুল বুখারী ৩২৮, ১৫৬১, ১৭৩৩, ১৭৫৭, ১৭৬২, ১৭৭২, ৪৪০১, ৫৩২৯, ৬১৫৭, ৭২২৯, মুসলিম ১২১১, তিরমিযী ৯৪৩, নাসায়ী ৩৯১, আবু দাউদ ২০০৩, আহমাদ ২৩৫৮১, ২৩৫৮৯, ২৪০০৪, ২৪০৩৭, ২৪১৫৩, ২৪৩৮৫, ২৪৭৮১, ২৪৮৯৭, ২৪৯১৪, ২৪৯৯১, ২৫০৭৫, ২৫১৩৪, ২৫১৯৩, ২৫২৪৯, ২৫৩৪৭, ২৫৪১৩, ২৫৬২৮, মুয়াত্তা মালেক ৯৪৩, ৯৪৫, দারেমী ৯৪২, ১৯১৭, ইরওয়া ৪/২৬১।

তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=44037>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন